গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৫৩/২০১৯-২০২০

ঢাকা, ১২ সেপ্টেম্বর বৃহস্পতিবার ২০১৯, ২৮ ভাদ্র ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জনগণের অর্থব্যয়ে স্বচ্ছতা নিশ্চিতের আহ্বান রাষ্ট্রপতির
২। গত আগস্ট থেকে দেশে ডেঙ্গু রোগ সনাক্তকরণ কিট তৈরি হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী
৩। উন্নয়নের জন্য শান্তি বজায় রাখুন :
কমিউনিটি ব্যাংক উদ্বোধনকালে পুলিশ সদস্যদের প্রধানমন্ত্রী
৪। বিশ্বের শীর্ষ নারী শাসকদের তালিকায় শেখ হাসিনা
৫। রোহিঙ্গা প্রত্যাবাসনে চীন গঠনমূলক ও সক্রিয় ভূমিকা পালন করবে : প্রধানমন্ত্রীকে চীনের রাষ্ট্রদূত
৬। রোহিঙ্গা সমস্যা সমাধানে চীনের আরও শক্তিশালী ভূমিকা রাখা দরকার : চীনের রাষ্ট্রদূতকে স্পিকার
৭। রোহিঙ্গাদের ফেরার পরিবেশ মিয়ানমারকেই তৈরি করতে হবে : পররাষ্ট্রমন্ত্রী
৮। চার লেন সড়কে টোল আদায়ের সিদ্ধান্তে সরকার অনড় : সেতুমন্ত্রী
৯। সড়ক দুর্ঘটনা রোধে সচেতনতা গড়ে তুলতে হবে : আহত ইয়ামিনকে হাসপাতালে দেখতে গিয়ে তথ্যমন্ত্রী
১০। ঢাকা ওয়াসায় সিস্টেম লস কমাতে উদ্যোগ নেয়া হয়েছে : সংসদে স্থানীয় সরকার মন্ত্রী
১১। দেশে ইন্স্যুরেন্স করলে প্রিমিয়াম বিদেশে যাবে না : অর্থমন্ত্রী
১২। সংসদে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (সংশোধন) বিল পাস
কাস্টমস বিল উত্থাপন
১৩। সরকার ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বদ্ধপরিকর : স্থানীয় সরকার মন্ত্রী
১৪। বাধা কাটলে সিআইএসভুক্ত দেশে রপ্তানি বাড়বে : তাসখন্দে বাণিজ্যমন্ত্রী
১৫। খালেদা জিয়াকে বেল দেওয়া আদালতের এখতিয়ার : আইনমন্ত্রী
১৬। ডাক ও টেলিযোগাযোগ কার্যক্রম পর্যবেক্ষণের সিদ্ধান্ত সংসদীয় কমিটির
১৭। ভূমি নিবন্ধনে দুর্নীতির দায় মন্ত্রণালয়ের নয় : ভূমিমন্ত্রী
১৮। বাংলাদেশ উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে : নারায়ণগঞ্জে কারখানা পরিদর্শনকালে ব্রিটিশ হাইকমিশনার

চলমান পাতা-২

১। **জনগণের অর্থব্যয়ে স্বচ্ছতা নিশ্চিতের আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সরকারি অর্থের জিম্মাদারদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, সব মন্ত্রণালয় ও প্রতিষ্ঠানের অর্থনৈতিক স্বচ্ছতা নিশ্চিত করতে আরো জোরালো ভূমিকা পালন করতে হবে। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) বঙ্গভবনে কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল (সিএজি) মো. মুসলিম চৌধুরীর নেতৃত্বে একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতির কাছে ৩৯তম অডিট রিপোর্ট পেশকালে তিনি এ নির্দেশনা দেন। রাষ্ট্রপ্রধান বলেন, দেশের জনগণের স্বার্থে সরকারি অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করা তাদের দায়িত্ব ও কর্তব্য। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

২। **গত আগস্ট থেকে দেশে ডেঙ্গু রোগ শনাক্তকরণ কিট তৈরি হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী নেতা শেখ হাসিনা বলেছেন, আওয়ামী লীগ মানুষ হত্যার রাজনীতি করে না, প্রতিহিংসার রাজনীতিতেও বিশ্বাসী নয়। আওয়ামী লীগ যদি প্রতিহিংসার রাজনীতি করত তাহলে এদেশে বিএনপির অস্তিত্ব থাকত না। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। আওয়ামী লীগ সরকারের নিরলস প্রচেষ্টা এবং জনগণের অক্লান্ত পরিশ্রমে আজকে বাংলাদেশ বিশ্বে একটা মর্যাদার আসনে প্রতিষ্ঠিত হয়েছে বলেও প্রশ্নোত্তর পর্বে প্রধানমন্ত্রী উল্লেখ করেন। অন্য এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী বলেন, গত ৩ আগস্ট পর্যন্ত সরকার ৩ লাখ ৬৮ হাজার ২০০ ডেঙ্গু রোগ শনাক্তকরণ কিট আমদানি করেছে। তিনি দেশবাসীকে ডেঙ্গু রোগ মোকাবিলায় নিজ নিজ এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান। প্রধানমন্ত্রী সংসদকে জানান, গত ৬ আগস্ট থেকে বিদেশ থেকে কাঁচামাল এনে দেশেই ডেঙ্গু শনাক্তকরণের কিট তৈরির প্রক্রিয়া শুরু হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **বনিক বার্তা** (পৃ.৬,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

৩। **উন্নয়নের জন্য শান্তি বজায় রাখুন :**
কমিউনিটি ব্যাংক উদ্বোধনকালে পুলিশ সদস্যদের প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আশা প্রকাশ করে বলেছেন, কমিউনিটি পুলিশিংকে জোরদার করা গেলে আরও বেশি মানুষের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) পুলিশের কমিউনিটি ব্যাংকের বাণিজ্যিক কার্যক্রম উদ্বোধনকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। এ সময় তিনি উন্নয়নের স্বার্থে দেশের শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে পুলিশ সদস্যদের প্রতি আহ্বান জানান। গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ব্যাংকটির উদ্বোধনকালে প্রধানমন্ত্রী কমিউনিটি পুলিশিংয়ের ওপর গুরুত্ব দিতে পুলিশের উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রতি নির্দেশ দেন। তিনি বলেন, কমিউনিটির লোকজন সম্পৃক্ত হলে অপরাধের হার এমনিই কমে যাবে। তিনি এ সময় দেশে চলমান মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রাখার পাশাপাশি পুলিশ ও থানাগুলোর ওপর মানুষের আস্থা ও বিশ্বাস অর্জনে আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **বনিক বার্তা** (পৃ.৬,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

৪। **বিশ্বের শীর্ষ নারী শাসকদের তালিকায় শেখ হাসিনা**

বিশ্বের নারী সরকার প্রধান হিসেবে দীর্ঘদিন দেশ পরিচালনায় ভারতের ইন্দিরা গান্ধী, ব্রিটেনের মার্গারেট থ্যাচার ও শ্রীলঙ্কার চন্দ্রিকা কুমারাতুঙ্গার মতো জনপ্রিয় নেতাদের রেকর্ড ভেঙ্গে বিশ্বের শীর্ষ নারী শাসকদের তালিকায় জায়গা করে নিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আন্তর্জাতিক সংস্থা উইকিলিকস সাম্প্রতিক এক জরিপের ভিত্তিতে এ তথ্য জানিয়েছে। নারী হিসেবে বেশিদিন ক্ষমতায় থাকা ও বিশ্বে পরিচিতির দিক বিবেচনায় এ তালিকা করা হয়েছে। সূত্র- **সংবাদ** (পৃ.১,ক.১)।

৫। **রোহিঙ্গা প্রত্যাবাসনে চীন গঠনমূলক ও সক্রিয় ভূমিকা পালন করবে : প্রধানমন্ত্রীকে চীনের রাষ্ট্রদূত**

ঢাকায় চীনের নবনিযুক্ত রাষ্ট্রদূত লি জিমিং বলেছেন, বাংলাদেশ থেকে মিয়ানমারে রোহিঙ্গাদের প্রত্যাবাসনে চীন গঠনমূলক ও সক্রিয় ভূমিকা পালন করবে। তিনি বলেন, আমরা এ ইস্যুতে কাজ করছি এবং মিয়ানমারে আমাদের রাষ্ট্রদূত (এ বিষয়ে) রাখাইন রাজ্য সফর করেছে। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জাতীয় সংসদ কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেছেন, ১১ লাখ রোহিঙ্গা বাংলাদেশের জন্য একটি বড় বোঝা। তাদের অবশ্যই তাদের নিজ বাসভূমিতে ফিরে যেতে হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)।

৬। **রোহিঙ্গা সমস্যা সমাধানে চীনের আরও শক্তিশালী ভূমিকা রাখা দরকার : চীনের রাষ্ট্রদূতকে স্পিকার**

রোহিঙ্গাদের শান্তিপূর্ণ প্রত্যাবাসনে চীনের ভূমিকা আরও জোরালো হবে বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত লি জিমিং। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করতে এলে রাষ্ট্রদূত এ কথা জানান। রোহিঙ্গা সমস্যা সমাধানে চীনের আরও শক্তিশালী ভূমিকা রাখা দরকার উল্লেখ করে এ সময় স্পিকার বলেন, রোহিঙ্গা নাগরিকরা যাতে নির্ভয়ে নিজ দেশে স্থায়ী ও শান্তিপূর্ণভাবে প্রত্যাবর্তন করতে পারে, সেটা নিশ্চিত করে মানবিক এ সমস্যা সমাধানে চীনকে ভূমিকা রাখতে হবে। এ সময় স্পিকার বাংলাদেশের অবকাঠামোগত উন্নয়ন ও বাণিজ্যে চীনের ভূমিকার প্রশংসা করেন এবং সব সহযোগিতা অব্যাহত রাখার অনুরোধ জানান। সূত্র- **সমকাল** (পৃ.২,ক.৮)।

৭। **রোহিঙ্গাদের ফেরার পরিবেশ মিয়ানমারকেই তৈরি করতে হবে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, রোহিঙ্গাদের স্বেচ্ছা প্রত্যাবাসনের জন্য মিয়ানমারকেই পরিবেশ তৈরি করতে হবে। আশ্রয়কেন্দ্র বানানোর জন্য কালক্ষেপণ না করে রোহিঙ্গাদের আগে ফিরিয়ে নিতে হবে। সেখানে রোহিঙ্গারা ফিরলে নিজেরাই ঘরবাড়ি বানিয়ে নেবে। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর আগারগাঁওয়ে এক সেমিনারে যোগদানের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)।

৮। **চার লেন সড়কে টোল আদায়ের সিদ্ধান্তে সরকার অনড় : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মহাসড়কে টোল আদায়ের সিদ্ধান্তে সরকার অনড়। প্রধানমন্ত্রীর নির্দেশের পর জাতীয় মহাসড়কগুলোকে টোলের আওতায় আনার প্রক্রিয়া শুরু হয়েছে। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে সাংবাদিকের এক প্রশ্নের জবাবে মন্ত্রী আরো বলেন, প্রধানমন্ত্রীর বলার পর এ সিদ্ধান্ত থেকে সরে আসার কোনো সম্ভাবনা নেই। মহাসড়কে টোলের হার নির্ধারণের প্রক্রিয়া চলছে জানিয়ে তিনি বলেন, মন্ত্রণালয় থেকে বিআরটিএকে নিয়ে বিষয়টিকে রিজনেবল রাখার উদ্যোগ নেওয়া হয়েছে। এটা নিয়ে মন্ত্রণালয় কাজ করছে। সবকিছু চূড়ান্ত করার আগে অংশীজনদের সঙ্গেও সরকার বসবে। ভারতের এনআরসি বিষয়ে জানতে চাইলে সেতুমন্ত্রী বলেন, ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্কর এসে বলেছেন, আমাদের এ বিষয়ে উদ্বেগের কোনো কারণ নেই। আমরা সেটা ধরেই অগ্রসর হচ্ছি'। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৯। **সড়ক দুর্ঘটনা রোধে সচেতনতা গড়ে তুলতে হবে : আহত ইয়ামিনকে হাসপাতালে দেখতে গিয়ে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ সড়ক দুর্ঘটনাকে দেশের অন্যতম প্রধান সমস্যা হিসেবে আখ্যায়িত করে দুর্ঘটনা রোধে গণসচেতনতা গড়ে তোলার ওপর গুরুত্ব আরোপ করেছেন। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর শ্যামলীতে সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত ইয়ামিন আলভীকে দেখতে গিয়ে তিনি এসব কথা বলেন। মন্ত্রী বলেন, আমি সড়ক দুর্ঘটনা রোধে সচেতনতা গড়ে তুলতে চালক, যানবাহন মালিক, পরিবহণ শ্রমিক এবং দেশবাসীসহ সকলের প্রতি আহ্বান জানাই। উল্লেখ্য, আহত ইয়ামিনের বাবা সুরকার পারভেজ রব কিছুদিন আগে অনুরূপ এক দুর্ঘটনায় নিহত হন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

১০। **ঢাকা ওয়াসায় সিস্টেম লস কমাতে উদ্যোগ নেয়া হয়েছে : সংসদে স্থানীয় সরকার মন্ত্রী**

স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, বর্তমানে ঢাকা ওয়াসায় পানির সিস্টেম লস ২০ শতাংশ। তবে ঢাকা মেট্রো এলাকায় সিস্টেম লস মাত্র ৫-৭ শতাংশে নেমে এসেছে, যা আগে প্রায় ৪০ শতাংশ ছিল। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদে এক লিখিত প্রশ্নের উত্তরে তিনি এ তথ্য জানান। মন্ত্রী বলেন, সিস্টেম লস কমানোর জন্য সরকার সব পানির পাইপলাইন পরিবর্তন করে নতুন পদ্ধতি চালু করেছে। চলতি বছরের মধ্যে সব বস্তিবাসীকে বৈধ পানি সরবরাহের নেটওয়ার্কের আওতায় আনার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

১১। **দেশে ইন্স্যুরেন্স করলে প্রিমিয়াম বিদেশে যাবে না : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, সাধারণ বীমা করপোরেশন সাম্প্রতিক সময়ে সরকারি মেগা প্রকল্প পদ্মা সেতু, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র, মাতারবাড়ী পাওয়ার প্ল্যান্ট, বঙ্গবন্ধু স্যাটেলাইট ইত্যাদির বিমা কভারেজ প্রদান করেছে। আগে বড় বড় প্রকল্পে বিমার ক্ষেত্রে বলা হতো আমাদের দেশের ইন্স্যুরেন্সগুলো ছোটো, আমাদের শক্তি নেই। যদি কোনো দুর্ঘটনা ঘটে তবে তারা প্রিমিয়াম দিতে পারবে না, লস কাভার করতে পারবে না। এ ক্ষেত্রে ইন্স্যুরেন্স প্রিমিয়ামগুলো বিদেশে চলে যেত। এটা আর হতে দেওয়া হবে না। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) আগারগাঁওস্থ নিজ দফতরে এক অনুষ্ঠান শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৮)।

১২। **সংসদে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (সংশোধন) বিল পাস**
কাস্টমস বিল উত্থাপন

ইউনেস্কোর প্রতিনিধিসহ সদস্য রাষ্ট্রের প্রতিনিধিদের পরিচালনা বোর্ডে অন্তর্ভুক্তির বিধান রেখে এবং প্রতিষ্ঠানপ্রধানের পদ মহাপরিচালক থেকে পরিচালক হিসেবে অবনমিত করে জাতীয় সংসদে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (সংশোধন) বিল-২০১৯ পাস হয়েছে। ডেপুটি স্পিকার ফজলে রাব্বি মিয়ার সভাপতিত্বে একাদশ সংসদের চতুর্থ অধিবেশনে গতকালের (১১ সেপ্টেম্বর বুধবার) বৈঠকে বিলটি পাস হয়।

'কাস্টমস অ্যাক্ট, ১৯৬৯ (অ্যাক্ট নং ফোর অভ্ ১৯৬৯)' রহিত করে যুগোপযোগী করতে পুনঃপ্রণয়নের লক্ষে গতকাল বুধবার সংসদে বাংলা ভাষায় 'কাস্টমস বিল, ২০১৯' উত্থাপন করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। পরীক্ষা করে সংসদে প্রতিবেদন দেওয়ার জন্য উত্থাপিত বিলটি অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়েছে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

১৩। সরকার ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বদ্ধপরিকর : স্থানীয় সরকার মন্ত্রী

স্থানীয় সরকার মন্ত্রী তাজুল ইসলাম বলেছেন, বাংলাদেশ সরকার ২০৩০ সালের মধ্যে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে বদ্ধপরিকর। বাংলাদেশের প্রায় এক-তৃতীয়াংশ মানুষ এখনও উন্নত পয়ঃনিষ্কাশন সুবিধা থেকে বঞ্চিত। কাজেই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার ৬ দশমিক ২ শতাংশ লক্ষ্য অর্জনে সবার জন্য উন্নত পয়ঃনিষ্কাশন সুবিধা নিশ্চিত করা জরুরি। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর র‌্যাডিসন ব্লু হোটেলে স্থানীয় সরকার বিভাগ ও ইউনিসেফের যৌথভাবে দুই দিনব্যাপী অনুষ্ঠিত কর্মশালায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪)।

১৪। বাধা কাটলে সিআইএসভুক্ত দেশে রপ্তানি বাড়বে : তাসখন্দে বাণিজ্যমন্ত্রী

কমনওয়েলথ অভ্‌ ইন্ডিপেন্ডেন্ট স্টেটসভুক্ত (সিআইএস) দেশগুলোর সঙ্গে বাধা দূর হলে রপ্তানি কয়েকগুণ বাড়বে বলে আশাবাদ ব্যক্ত করেছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, বাংলাদেশে আন্তর্জাতিক বাণিজ্য বৃদ্ধি এবং বাংলাদেশের বিভিন্ন স্থানে স্থাপিত স্পেশাল ইকোনমিক জোনে বিদেশি বিনিয়োগের জন্য বিশেষ উদ্যোগ নেয়া হয়েছে। বিনিয়োগকারীদের বিশেষ সুযোগ-সুবিধা দেয়া হয়েছে। ইতোমধ্যে অনেক দেশ বাংলাদেশের স্পেশাল ইকোনমিক জোনে বিনিয়োগ শুরু করেছে। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) বাণিজ্য মন্ত্রণালয় থেকে পাঠানো এক প্রেসবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয় বাণিজ্যমন্ত্রী উজবেকিস্তানের রাজধানী তাসখন্দে গত ১০ সেপ্টেম্বর মঙ্গলবার এক অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যকালে এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১৩,ক.১)।

১৫। খালেদা জিয়াকে বেল দেওয়া আদালতের এখতিয়ার : আইনমন্ত্রী

খালেদা জিয়ার মুক্তির দাবিতে বিএনপি'র কর্মসূচি প্রসঙ্গে আইনমন্ত্রী এডভোকেট আনিসুল হক বলেন, খালেদা জিয়া এতিমের টাকা এবং এতিমখানার টাকা চুরি করায় জেলে আছেন। তাকে যদি বেল দিতে হয় এটা একমাত্র আদালতের এখতিয়ার। গত ১০ সেপ্টেম্বর মঙ্গলবার ব্রাহ্মণবাড়িয়ায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।

১৬। ডাক ও টেলিযোগাযোগ কার্যক্রম পর্যবেক্ষণের সিদ্ধান্ত সংসদীয় কমিটির

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং তথ্যপ্রযুক্তি বিভাগের কার্যক্রম পর্যবেক্ষণ করার সিদ্ধান্ত নিয়েছে জাতীয় সংসদের এ সংক্রান্ত স্থায়ী কমিটি। এ লক্ষ্যে দুটি সংসদীয় উপ-কমিটিও গঠন করা হয়েছে। জাতীয় সংসদ ভবনে গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) অনুষ্ঠিত ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭)।

১৭। ভূমি নিবন্ধনে দুর্নীতির দায় মন্ত্রণালয়ের নয় : ভূমিমন্ত্রী

ভূমি নিবন্ধনে দুর্নীতির ক্ষেত্রে আইন মন্ত্রণালয়ের অধীন নিবন্ধন অধিদপ্তরের দায় ভূমি মন্ত্রণালয় গ্রহণ করবে না। নিবন্ধন অধিদপ্তরের সাব-রেজিস্ট্রাররা আইন মন্ত্রণালয়ের অধীনে। তারাই ভূমি নিবন্ধনের কাজ করে থাকেন। গত ৯ সেপ্টেম্বর সোমবার ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) 'ভূমি দলিল নিবন্ধন সেবায় সুশাসনের চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়' শীর্ষক প্রতিবেদন প্রকাশের পর গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) এক প্রতিক্রিয়ায় সাংবাদিকদের এ কথা বলেন ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ। মন্ত্রী আরো বলেন, নিবন্ধন অধিদপ্তরকে ভূমি মন্ত্রণালয়ে ন্যস্ত করার জন্য এরই মধ্যে তিনি প্রস্তাব দিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২)।

১৮। বাংলাদেশ উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে : নারায়ণগঞ্জে কারখানা পরিদর্শনকালে ব্রিটিশ হাইকমিশনার

ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটারটন ডিকসন বলেছেন, বাংলাদেশ এখন উন্নয়নের দিকে এগিয়ে যাচ্ছে। ব্রিটিশ সরকার এ উন্নয়নের ধারায় অংশীদার হতে চায়। গতকাল (১১ সেপ্টেম্বর বুধবার) নারায়ণগঞ্জে এসিএস টেক্সটাইলস (বাংলাদেশ) লিমিটেড এর কারখানা পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)।

সম্পাদকীয়

ক. **যায়যায়দিন :** টিআইবির এক গবেষণা প্রতিবেদন অনুযায়ী ভূমি নিবন্ধনের নানা পর্যায়ে ব্যাপক দুর্নীতি হচ্ছে উল্লেখ করে এ রিপোর্ট আমলে নিয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **ভোরের কাগজ :** সহনীয় মাত্রার চেয়ে দ্বিগুণ-তিনগুণ তীব্রতার শব্দে স্বাস্থ্য ঝুঁকিতে রাজধানীর অর্ধকোটিরও বেশি মানুষ উল্লেখ করে দ্রুততম সময়ে শব্দদূষণ নিয়ন্ত্রণের ওপর গুরুত্বারোপ।

গ. **যুগান্তর :** সড়কে অব্যাহত বিশৃঙ্খলা ঠেকাতে সবাইকে সচেতন ও দায়িত্বশীল হওয়ার আহ্বান।

ঘ. **ইত্তেফাক :** ঢাকার মতোই এখন জেলা শহরে ও স্কুলগামী শিশুদের মধ্যে স্থূলতা বাড়ছে এক গবেষণায় তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতা সৃষ্টির সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** প্রাকৃতিক দুর্যোগ, নিষেধাজ্ঞা ইত্যাদি কারণে যে কয়দিন জেলেরা নদীতে বা সমুদ্রে যেতে পারেনা ততদিন তাদের জন্য বিকল্প উপায়ে জীবন-ধারণের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি সান :** প্রবাসে কর্মরত বাংলাদেশি শ্রমিকদের অধিকার রক্ষায় দৃষ্টি দেওয়ার সুপারিশ।

উপসম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সমন্বিত উদ্যোগে গ্যাং কালচারে আক্রান্ত কিশোরদের সুপথে ফিরিয়ে আনা সম্ভব।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'জনগণের কল্যাণে শেখ হাসিনার যুগান্তকারী কর্মসূচিগুলো ইতিহাস হয়ে থাকবে'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, উন্নয়নের ধারা অব্যাহত রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের বিকল্প নেই।

#

রেদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা